গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রামগতি, লক্ষ্মীপুর।
http://ramgati.lakshmipur.gov.bd

স্মারক নং - ০৫.৪২.৫১৭৩.০০১.১৯.০১৫.২১-৮৫৮ তারিখঃ ০৮ সেপ্টেম্বর ২০২২খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

লক্ষ্মীপুর জেলাধীন রামগতি উপজেলায় নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে সরাসরি গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদে নিয়োগ করা হবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | শূন্য পদের নাম (মহল্লাদার) | শূন্য পদের সংখ্যা | ওয়ার্ড নম্বর | প্রয়োজনীয় যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চর পোড়াগাছা | মহল্লাদার | ০২ | ২ ও ৮ | কোন স্বীকৃত বিদ্যালয়/প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০২ | আলেকজান্ডার | মহল্লাদার | ০৩ | ১, ৪ ও ৭ | | |
| ০৩ | বড়খেরী | মহল্লাদার | ০৩ | ২, ৪ ও ৬ | | |

## নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা

| পদের নাম | সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা | শারীরিক যোগ্যতা | বেতনক্রম ও প্রচলিত ভাতাদি |
|---|---|---|---|---|---|
| মহল্লাদার | ৩০ বছর, তবে বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্তশিথিলযোগ্য (বীর মুক্তিযোদ্ধা প্রমাণের ক্ষেত্রেসংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ জারী কৃত প্রজ্ঞাপন অনুযায়ী) | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃঅষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষায়(জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | পুরুষ প্রার্থীদের ক্ষেত্রেঃ সর্বনিম্ন উচ্চতা-৫ফুট ২ ইঞ্চি। বুকের মাপ ৩০ ইঞ্চি ( স্বাভাবিক )৩২ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি। মহিলা প্রার্থীদের ক্ষেত্রেঃ সর্বনিম্ন উচ্চতা-৫ফুট । বুকের মাপ ২৮ ইঞ্চি ( স্বাভাবিক )৩০ ইঞ্চি (সম্প্রসারণ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি। | স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ শাখার ০৪ নভেম্বর, ২০১৮ খ্রি. তারিখের৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০.২০১৫-৫৯৫ নং স্মারক পত্রানুসারে, সরকারী অংশ-৩,২৫০/- ইউপি অংশ- ৩,২৫০/- |

## নিয়োগের শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং রামগতি উপজেলার বর্ণিত ইউনিয়নের সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর এর বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ২৯/০৯/২০২২খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। ধার্য তারিখের পরের আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবেঃ

ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজি)
খ) পিতার নাম/স্বামীর নাম
গ) মাতার নাম
ঘ) স্থায়ী ঠিকানা
ঙ) জন্ম তারিখ ( জন্ম সনদ ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে )
চ) ২৯/০৯/২০২২খ্রি. তারিখে বয়স অবশ্য ১৮ বছর পূর্ণ হতে হবে।
ছ) জাতীয়তা
জ) ধর্ম
ঝ) শারীরিক যোগ্যতার পরিমাপ
ঞ) শিক্ষাগত যোগ্যতা
ট) অভিজ্ঞতা ( যদি থাকে )
ঠ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে

৪। আবেদনকারীকে সৎ, কর্মঠ ও পরিশ্রমী হতে হবে। তার বিরুদ্ধে কোন ফৌজদারী মামলা বা দেওয়ানী মামলা থাকতে পারবে না। চাকুরী পাওয়ার পর মামলা সংক্রান্ত কোন সংশ্লিষ্টতা পাওয়া গেলে চাকুরী থেকে ববরখাস্ত করা হবে। তথ্য গোপনের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫। সরকারী বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করতে হবে। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানন বা পোষ্য হলে সে ক্ষেত্রে তাকে তার পিতা /মাতার বা পোষ্যর অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

৬। সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, রামগতি, লক্ষ্মীপুর এর অনুকূলে আবেদনকারীকে ৫০০/(পাঁচশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযুক্ত করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ,শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

৮। প্রার্থীর বয়সের ক্ষেত্রে জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদের বয়স একই হতে হবে। এ বিষয়ে মিথ্যা প্রমাণ হলে আবেদনপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স আগামী ২৯/০৯/২০২২ খ্রি. তারিখে অবশ্যই ১৮-৩০ বছরের
মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২(বত্রিশ) বছর শিথিলযোগ্য।

১০। নিয়োগ পরীক্ষায় বাছাইকৃত প্রার্থীকে অবশ্যই অফিসার ইনচার্জ, রামগতি থানা, লক্ষ্মীপুর এর চারিত্রিক সদাচরণ সনদপত্র গ্রহন করে জমা প্রদান করতে হবে।

১১। আবেদনপত্রের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১২। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জনন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল মূল সনদ সংগে আনতে হবে।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল গণ্য হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্য অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

১৫। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাক টিকিটযুক্ত ৮.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর কোটার নাম লিখতে হবে।

১৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম , ইউনিয়নের নাম এবং ওয়ার্ড নম্বর লিখতে হবে।

১৭। তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসামাত্রই কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ আদেশ বাতিল করা হবে।

১৮। আবেদনকারী যোগ্য বিবেচিত হওয়ার জন্য বা চাকুরী পাওয়ার জন্য অবৈধ লেনদেনেন জড়িত হলে তার জন্য নিয়োগ কারী কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এরুপ ক্ষেত্রে প্রার্থী অযোগ্য বিবেচিত হবেন।

১৯। বর্ণিত পদে যারা পূর্বে আবেদন করেছেন, তাদের নুতন করে আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন যথাযথভাবে বহাল থাকবে।

২০। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

০৮/৯/২২

(এস.এম. শান্তনু চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
রামগতি, লক্ষ্মীপুর।
ফোন ঃ ০৩৮২৩-৫৬২১১
E-mail: unoramgati@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
০২। উপপরিচালক,স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।
০২। অফিসার ইনচার্জ,রামগতি থানা,লক্ষ্মীপুর।
০৩। উপজেলা প্রকৌশলী, রামগতি, লক্ষ্মীপুর।
০৪। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, রামগতি, লক্ষ্মীপুর।
০৫। উপজেলা........................অফিসার, রামগতি, লক্ষ্মীপুর।
০৬। চেয়ারম্যান,.....................ইউপি (সংশ্লিষ্ট সকল)রামগতি, লক্ষ্মীপুর। তাঁকে তাঁর ইউনিয়ন পরিষদে নোটিশ বোর্ডে/ইউনিয়নস্থ হাট-বাজার ও গুরুত্বপূর্ণ স্থানে বিজ্ঞপ্তিটি লটকানোসহ সকল ইউপি সদস্যের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, রামগতি, লক্ষ্মীপুর। বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোটালে অন্তর্ভূক্তকরণের জন্য বলা হলো।
০৮। নোটিশ বোর্ড।